**ALL INDIA RADIO, SILCHAR**

*************

# EVENING NEWS BULLETIN

**BENGALI/ বাংলা**

**29 APRIL 2024**

**7:45 – 7:55 PM IST**

================================================================

(১) তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচারে অংশ নিতে বিজেপি'র প্রবীণ নেতা ও কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্‌র আজ গুয়াহাটিতে রোড শো'য়ে অংশগ্রহণ/ অন্যান্য দলেরও প্রচার অভিযান ।

(২) উত্তর পূর্বাঞ্চলের বিপুল সম্পদরাজির সঠিক ব্যবহারের মাধ্যমে দেশের উন্নয়নের উপর কেন্দ্রীয় পররাষ্ট্র মন্ত্রী এস জয়শঙ্করের গুরুত্ব আরোপ।

(৩) সমগ্র দেশে মরশুমি জ্বরের প্রকোপ বৃদ্ধির প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয়ের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে আজ এক পর্যালোচনা বৈঠক।

এবং

(৪) আসাম পুলিশের বিশেষ টাস্ক ফোর্সের গুয়াহাটির খানাপাড়া থেকে বারো কোটি টাকা মূল্যের নেশাজাত সামগ্রী বাজেয়াপ্ত ।

---

---

আসাম পুলিশের বিশেষ টাস্ক ফোর্স গৌহাটীর খানাপারার আসাম লোকসেবা আয়োগের কার্যালয়ের নিকটে অভিযান চালিয়ে প্রায় ১২ কোটি টাকা মূল্যের হেরোইন জব্দ করেছে । পুলিশ মহাপরিদর্শক পার্থ সারথি মহন্তের তদারকিতে অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ কুমার পাঠকের চালানো অভিযানে ত্রিপুরা ও মণিপুর থেকে আসা একটি ছোট গাড়ী থেকে দেড় কিলোগ্রাম হেরোইন জব্দ করা সহ দুজন ব্যাক্তিকে আটক করা হয়েছে । এদিকে তামুলপুর জেলার অর্ন্তগত

ভারত-ভূটান সীমান্তের দরংগামেলায় আবগারী বিভাগ ৩০ হাজার টাকা মূল্যের মদ বাজেয়াপ্ত করেছে । বিভাগ ঘটনায় জড়িত একজন ব্যাক্তিকে আটক করেছে। এদিকে শুল্ক বিভাগ গৌহাটীর নিকটবর্তী মির্জায় গতকাল অভিযান চালিয়ে অবৈধভাবে সরবরাহ করা ৭৬ কার্টন বিদেশী সিগারেট জব্দ করেছে । জব্দ করা সিগারেটের মূল্য প্রায় ২ কোটি টাকা বলে জানানো হয়েছে । এসম্পর্কে শুল্ক বিভাগ তদন্ত অব্যাহত রেখেছে ।

---

রাজ্যের তৃতীয় পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য প্রচার অভিযানে অংশ নিতে বিজেপি'র প্রবীণ নেতা ও কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আজ গুয়াহাটিতে এসেছেন । শ্রী শাহ্ বিশেষ বিমানে করে আজ বিকেলে লোকপ্রিয় গোপীনাথ বরদলৈ আর্ন্তজাতিক বিমান বন্দরে অবতরণ করেছেন । তিনি গুয়াহাটি লোকসভা আসনের বিজেপি প্রার্থী বিজুলী কলিতা মেধীর হয়ে নির্বাচনী প্রচার করবেন । তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সহ অন্যান্যদের নিয়ে আজ গুয়াহাটির সাইকেল ফ্যাক্টরি তিনআলি থেকে লাল গণেশ পর্যন্ত একটি রোড শো করছেন ।

এদিকে প্রবীণ বিজেপি নেতা ও মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ নলবাড়ী জেলার বেশকয়েকটি স্থানে বড়পেটা আসনের বিজেপি মিত্রজোট সমর্থিত প্রার্থী ফণীভূষণ চৌধুরীর হয়ে প্রচার চালিয়েছেন । তিনি বরক্ষেত্রী, হাজো এবং সরুপেটিয়াতে প্রচারে যোগ দেন ।

রাজ্যের মন্ত্রী পীযূষ হাজারিকা কোকরাঝাড় লোকসভা আসনে মিত্রজোটের প্রার্থী জয়ন্ত বসুমাতারীর হয়ে বাক্সা জেলার বরমা'তে প্রচার চালান । এদিকে মানকাচর বিধানসভা এলাকায় ধুবড়ী লোকসভা আসনের এ আই ইউ ডি এফ প্রার্থী বদর উদ্দিন আজমল বেশকয়েকটি নির্বাচনী সভায় অংশ নেন ।

---

নির্বাচন কমিশন ষষ্ঠ পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্যে বিজ্ঞপ্তি জারি করেছে । এই পর্যায়ে ছ'টি রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৭টি লোকসভা আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে । দিল্লির সাতটি আসন, হরিয়ানার দশটি, উত্তর প্রদেশের ১৪টি, বিহার ও পশ্চিমবঙ্গের আটটি, ওড়িশার ছ'টি এবং ঝাড়খন্ডের চারটি আসনের জন্য ষষ্ঠ পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হবে । এই পর্যায়ে মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন হচ্ছে আগামী ছয়ই মে । সাতই মে মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করে দেখা হবে । এবং মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে আগামী নয়ই মে । উল্লেখ্য- এই পর্যায়ে আগামী ২৫শে মে ভোটগ্রহণ করা হবে ।

---

পররাষ্ট্র মন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন যে- ভারতবর্ষে সম্পদের বিশাল সম্ভার এখনো অনাবিষ্কৃত রয়েছে । আজ দিল্লি বিশ্ববিদ্যালয়ের কলেজে দক্ষিণ-পূর্ব এশিয়া ও জাপানের সঙ্গে উত্তর পূর্বাঞ্চলের সংহতি শীর্ষক একটি মতবিনিময় অনুষ্ঠানে একথা জানিয়ে শ্রী জয়শঙ্কর বলেন যে- দেশের সুসংহত বিকাশের জন্য ভারত দেশের বিভিন্ন স্থানে জি-টুয়েন্টি সম্মেলনের আয়োজন করেছে । দিল্লির কিরোরিমল কলেজে আয়োজিত এই অনুষ্ঠানে মন্ত্রী আরো বলেন যে- দেশভাগের ফলে উত্তর পূর্বাঞ্চলের বেশকিছু স্থানের সঙ্গে দেশের প্রাকৃতিক যোগাযোগ বিঘ্নিত হয়েছে । বিগত দশ বছরে উত্তরপূর্বাঞ্চলের প্রভূত উন্নতি হয়েছে বলে উল্লেখ করে শ্রী জয়শঙ্কর দিল্লি সহ দেশের মূল ভূখন্ডের মানুষকে উত্তর পূর্বের দিকে মনযোগ দেবার পরামর্শ দিয়েছেন ।

---

সমগ্র দেশে মরশুমী জ্বরের প্রকোপ বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকার বিষয়টির উপর সতর্ক দৃষ্টি রেখে চলেছে । কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রণালয় এই বিষয়ে দেশের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সঙ্গে আজ এক পর্যালোচনা বৈঠক করেছে। এই বৈঠকে আমেরিকার বিভিন্ন রাজ্যে গরু এবং দুধের মধ্যে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার ভাইরাস সনাক্ত হওয়ার পরিস্থিতিতে মরশুমী জ্বরের প্রকোপ বৃদ্ধির বিষয়ে দেশের বর্তমান অবস্থা নিয়ে আলোচনা করা হয় ।

---

ন্যাশনেল টেস্টিং এজেন্সি (এন টি এ) এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ইউ জি সি’র নেট পরীক্ষা আগামী ১৬ জুনের পরিবর্তে আগামী ১৮ ই জুন অনুষ্ঠিত হবে বলে ঘোষণা করেছে। পরীক্ষার্থীদের মতামতের প্রতি লক্ষ্য রেখে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । ন্যাশনেল টেস্টিং এজেন্সি ও এম আর পদ্ধতিতে সেদিন সমগ্র দেশে এই পরীক্ষা গ্রহণ করবে ।

---

ট্র্যাক সুরক্ষা সম্পর্কীত কাজের জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং ডিভিশনের জাটিঙ্গা লামপুর ও নিউ হাফলং স্টেশনের মধ্যে সন্ধ্যা ৬ টা থেকে সকাল ৬ টা পর্যন্ত ট্রেন চলাচলের ক্ষেত্রে সাময়িক বিধিনিষেধের পরিপ্রেক্ষিতে আগামীকাল গৌহাটী -শিলচর এক্সপ্রেস এবং শিলচর-গৌহাটী এক্সপ্রেস ট্রেনের নির্ধারিত যাত্রা বাতিল করা হয়েছে । এছাড়া আজ যাত্রা করা শিয়ালদহ-শিলচর এক্সপ্রেস ট্রেনটি পাঁচ ঘন্টার জন্য এবং দেওঘর-আগরতলা এক্সপ্রেস নয় ঘন্টার জন্য নিয়ন্ত্রণ করা হবে । এদিকে আগামীকালের আগরতলা -এসএমভিটি ব্যাঙ্গালুরু এক্সপ্রেসের সময়

সকাল সাড়ে পাঁচটার পরিবর্তে সাড়ে সাতটায় পৌঁছবে ।অনুরূপভাবে শিলচর-কয়েম্বটর এক্সপ্রেস সন্ধ্যা ৭ টা ৫০ এর পরিবর্তে রাত ১১ টা ৫০ এ পৌঁছবে বলে সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে ।

---

আসাম পুলিশের বিশেষ টাস্ক ফোর্স গৌহাটীর খানাপারার আসাম লোকসেবা আয়োগের কার্যালয়ের নিকটে অভিযান চালিয়ে প্রায় ১২ কোটি টাকা মূল্যের হেরোইন জব্দ করেছে । পুলিশ মহাপরিদর্শক পার্থ সারথি মহন্তের তদারকিতে অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ কুমার পাঠকের চালানো অভিযানে ত্রিপুরা ও মণিপুর থেকে আসা একটি ছোট গাড়ী থেকে দেড় কিলোগ্রাম হেরোইন জব্দ করা সহ দুজন ব্যাক্তিকে আটক করা হয়েছে । এদিকে তামুলপুর জেলার অর্ন্তগত ভারত-ভূটান সীমান্তের দরংগামেলায় আবগারী বিভাগ ৩০ হাজার টাকা মূল্যের মদ বাজেয়াপ্ত করেছে । বিভাগ ঘটনায় জড়িত একজন ব্যাক্তিকে আটক করেছে। এদিকে শুল্ক বিভাগ গৌহাটীর নিকটবর্তী মির্জায় গতকাল অভিযান চালিয়ে অবৈধভাবে সরবরাহ করা ৭৬ কার্টন বিদেশী সিগারেট জব্দ করেছে । জব্দ করা সিগারেটের মূল্য প্রায় ২ কোটি টাকা বলে জানানো হয়েছে । এসম্পর্কে শুল্ক বিভাগ তদন্ত অব্যাহত রেখেছে ।

---

আসাম,অরুণাচল প্রদেশ ,মেঘালয় ,নাগালেন্ড ,মণিপুর মিজোরাম ও ত্রিপুরায় আগামী বুধবার থেকে প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগ জানিয়েছে । এদিকে আগামী দুদিনে পূর্বভারতে তাপমাত্রা প্রায় এক থেকে দুই ডিগ্রী সেলসিয়াস বৃদ্ধি পাবে বলে বিভাগ থেকে আরো জানানো হয়েছে ।

---

দ্বিতীয় পর্যায়ের লোকসভা নির্বাচন সম্পন্ন হবার পরিপ্রেক্ষিতে করিমগঞ্জের জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক আজ এক আদেশ জারি করে বিভিন্ন সেলে দায়িত্বপ্রাপ্ত সব আধিকারিক-কর্মী ,মাস্টার ট্রেনার ,জোনাল অফিসার ,সেক্টর অফিসার ও অন্যান্যদের নির্বাচনের কাজ থেকে অব্যাহতি দিয়েছেন । প্রয়োজনে ডাকার শর্তে সংশ্লিষ্ট সকলকে নির্বাচনের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে ।

---

আসাম, মেঘালয় , নাগালেন্ড ইত্যাদি যৌথ রাজ্য কমিটির সিদ্ধান্ত মর্মে আগামী বুধবার অর্থাৎ পয়লা মে শিলচর ঘনিয়ালা মরকজ ভবন ও কালাইন সিনিওর মাদ্রাসায় এবারের হজযাত্রীদের ম্যানেনজাইটিস টিকা প্রদান করা হবে । ওইদিন সকাল ১০ টায় নির্ধারিত দুটি শিবিরে টিকা প্রদান শুরু হবে । হজযাত্রীদের ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ এবং সংখ্যালঘু মন্ত্রণালয় থেকে হজযাত্রীদের যে হেলথকার্ড দেওয়া হয়েছে তা নিয়ে টিকা প্রদান শিবিরে নির্ধারিত সময়ে উপস্থিত থাকতে বলা হয়েছে ।
এদিকে করিমগঞ্জ জেলার হজযাত্রীদের জেলার ৬টি স্থানে টিকা প্রদান করা হবে । আসাম,মেঘালয় ,নাগালেন্ড ইত্যাদি যৌথ রাজ্য কমিটির কার্যবাহী আধিকারিক ও সচিব জানিয়েছেন যে আগামী বুধবার সকাল ১০ টায় করিমগঞ্জের কানিশাইল মর্কজে ,বদরপুর দেওরাইল টাইটেল মাদ্রাসায় ,নিলামবাজারের গুণময়ী গার্লস হাইয়ার সেকেন্ডারী স্কুল , পাথারকান্দির কাবাড়িবন্দ এম ই মাদ্রাসা ,আছিমগঞ্জ আছিমিয়া এম ই মাদ্রাসা এবং রাতাবাড়িতে কাজিরবাজার হাইস্কুলে হজ যাত্রীদের প্রয়োজনীয় টিকা প্রদান করা হবে ।

---

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ১১ ই মে জেলা আদালত প্রাঙ্গণে সকাল ১০ টা থেকে জাতীয় লোক আদালতের আয়োজন করা হয়েছে । নির্দিষ্ট দিনে বিভিন্ন বিচারাধীন মামলা নিষ্পত্তির জন্য নোটিশপ্রাপ্তদের নির্ধারিত স্থানে উপস্থিত থেকে নিজ নিজ মামলা সমাধানের জন্য বলা হয়েছে ।

---